



## সংক্ষিপ্ত হজ্জ গাইড



পশ্চিমবঙ্গ রাজ্য হজ্জ কমিটি


# পশ্চিমবঙ্গ রাজ্য হজ কমিটি

মদিনাতুল হুজ্জাহ, একশান এরিয়া - II, নিউ টাউন,  
রাজার হাট, কোলকাতা - ৭০০১৬০


যোগাযোগ বিবরণ :-

টোল ফ্রি নং : ১৮০০ ৩৪৫ ৭১৫৫  
রাজারহাট অফিস : ০৩৩ ২৯৮৬ ০২৪৯  
পার্ক সার্কাস অফিস :  
০৩৩ ২২৯০ ৩৬১৭, ২২৮০ ৭১৫৫  
হোয়াটসঅ্যাপ নং : ৮৩৩ ৪৯৯ ১১১১  
মোবাইল অ্যাপ : Haj Sathi  
ই-মেল : wbshc2011@gmail.com  
ওয়েব সাইট : www.wbhaj.com

মোবাইল অ্যাপ



## সংক্ষিপ্ত পরিচয়



কভার নং :.....

নাম :.....

পূর্ণ ঠিকানা :.....

.....

..... পিন কোড :.....

মোবাইল নং :.....

অফিস ঠিকানা ও মোবাইল :.....

.....

.....

আত্মীয়ের নাম ও মোবাইল :.....

.....

.....

প্রতিবেশীর নাম ও মোবাইল :.....

.....


.....

ব্লাড গ্রুপ :.....

## তালবিয়া

লাব্বাইক, আল্লাহুমা লাব্বাইক,  
 লাব্বাইকা লা শারিকা লাকা লাব্বাইক  
 ইন-নাল হামদা ওয়ান নে মাতা লাকা ওয়াল মুক্ক,  
 লা শারিকা লাক

হে আল্লাহ আমি হাজির, (তোমার ডাকে) আমি এখানে হাজির,  
 আমি হাজির, তোমার কোন অংশীদার নেই, আমি হাজির।  
 যথার্থভাবে সমস্ত প্রশংসা এবং কৃতজ্ঞতা তোমার ই, এবং  
 সার্বভৌমত্ব তোমারই। তোমার কোন অংশীদার নেই।



## হজের গুরুত্ব ও ফাজিলত

- ১) তোমরা আল্লার সন্তুষ্টি অর্জনের উদ্দেশ্যেই হজ ও ওমরাহ পরিপূর্ণ ভাবে পালন কর।  
(সূত্র: সূরা বাকারা, আয়াত - ১৯৬)
- ২) এবং মানব জাতির মধ্যে যারা আল্লার সন্তুষ্টির জন্য মক্কা শরিফ যাওয়া পর্যন্ত সার্মথ্য রাখে তাদের ওপর হজ করা জরুরী কর্তব্য আর যে ইহা অস্বীকার করে, সে জেনে রাখুক আল্লাহ কাওকে পরওয়া করেন না।  
(সূত্র: সূরা আল ইমরান, আয়াত - ৯৭)
- ৩) হুজুর সাঃ বলেছেন, যে হজ ও ওমরাহকারীগণ আল্লাহর মেহমান।  
(সূত্র: মিশকাত শরীফ)
- ৪) রসূল সাঃ বলেছেন যে, একটি ওমরাহ থেকে দ্বিতীয় ওমরাহ তার মধ্যকার যাবতীয় পাপরাশির জন্য কাফফারা এবং মকবুল হজের বিনিময় জান্নাত ছাড়া আর কিছু নয়।  
(সূত্র: বুখারী শরীফ - ১, পৃষ্ঠা - ৬৪৫)
- ৫) রসূল সাঃ বলেছেন যে তোমরা বারবার হজ ও ওমরাহ করতে থাক, কেননা এই উভয় আমল দারিদ্রতা ও পাপরাশিকে এমনভাবে দূর করে দেয় যেমন লোহা, সোনা ও রূপার জং আগুন দূর করে দেয়।  
(সূত্র: তিরমিযী শরীফ, পৃষ্ঠা - ১)
- ৬) নবী সাঃ বলেন, যে ব্যক্তি হজের সংকল্প করেছেন সে যেন উহা তাড়াতাড়ি পূর্ণ করেন।  
(মিশকাত শরিফ)
- ৭) হুজুর (সাঃ) বলেন, যে কেবল আল্লাহ কে খুশী করার জন্যই হজ করে এবং অশালীন কাজ ও কথা থেকে বিরত থাকে, সে হজ থেকে বাড়ি ফেরে এমন নিশ্চাপ হয়ে- যেদিন তার মা তাকে ভূমিষ্ঠ করেছিল।  
(সূত্র: বুখারী ও মুসলিম)

## ওটিয়েনটেশান - ১

- ১) আপনার কভার নং জানা আছে কি? না থাকলে এখনি মুখস্থ করে নিন। কেননা এটাই আপনার হজের পরিচয় পত্র।
- ২) হজের টাকা তিন কিস্তিতে জমা দিতে হবে।
- ৩) হজের ভ্যাকসিনেশন সম্ভবতঃ রোজার আগে হবে।
- ৪) হজে যাওয়ার আগে অনলাইন রিপোর্টিং করতে হবে।
- ৫) হজে যাওয়ার একদিন আগে মদিনাতুল হুজ্জাজ (রাজার হাট) নিউ টাউন থেকে সফরের প্রয়োজনীয় নথিপত্র সংগ্রহ করুন। ও চার সেট জেরক্স করে প্রতি ব্যাগে রাখুন।
- ৬) প্লেন ছাড়ার কমপক্ষে ৬ ঘন্টা আগে মালপত্র নিয়ে মদিনাতুল হুজ্জাজে (রাজার হাট) নিউ টাউন পৌঁছাতে হবে। (সরাসরি এয়ারপোর্টে যাবেন না)।
- ৭) দুটি বড় ব্যাগ ও একটি হ্যান্ড ব্যাগ সাথে নিতে পারবেন। যার মালপত্রসহ ওজন হবে যথাক্রমে ২৩ কেজি ও ২২ কেজি এবং একটি হাত ব্যাগ বা কেবিন ব্যাগ (ওজন ১০ কেজি) সঙ্গে নেওয়া যাবে।
- ৮) মদিনাতুল হুজ্জাজে (রাজার হাট) নিউ টাউন ব্যাগ চেকিং ইন হওয়ার পর বাসে এয়ারপোর্টে পৌঁছানো দায়িত্ব হজ কমিটির।
- ৯) এয়ারপোর্টে ইমিগ্রেশন হওয়ার পর ২১০০ রিয়াল সংগ্রহ করুন।
- ১০) প্লেনে উঠে আসন সংগ্রহ করা ও বাথরুম যত সম্ভব কম ব্যবহার করা।
- ১১) নিকট আত্মীয়ের মধ্যে একই প্লেনে ও একই বিল্ডিং এ থাকতে চাইলে রাজ্য হজ কমিটিতে দরখাস্ত করুন।

## ওটিয়েনটেশান - ২

- ১) সৌদি এয়ারপোর্টে নেমে ইমিগ্রেশন হওয়ার পরে বেরিয়ে এসে মুয়াল্লিমের বাসে ওঠুন।
- ২) মোআলিম বাসে ওঠার আগে পাসপোর্ট সংগ্রহ করবে এবং আইডি কার্ড সরবরাহ করবে।
- ৩) আপনার ল্যাগেজ মুয়াল্লিম রুমে পৌঁছে দেবে।
- ৪) আপনাকে আপনার নির্ধারিত বিডিং এ মুয়াল্লিম বাসে নিয়ে যাবেন।
- ৫) বিডিং এর যাবতীয় সমস্যা হারিস (কেয়ার টেকার) কে জানান।
- ৬) ব্রাঞ্চ অফিসের নির্দেশ মত চলুন।
- ৭) যে কোন অসুবিধা হলে ব্রাঞ্চ অফিস বা খাদেমুল হুজ্জাজের সাথে যোগাযোগ করুন।
- ৮) লিফট ও চলন্ত সিড়ি ও কমোড ব্যবহারের পদ্ধতি শিখে যান।
- ৯) ঠান্ডা পানি পান করবেন না। রৌদ্র তাপ থেকে হেফাজত থাকুন।
- ১০) পড়ে থাকা কোন জিনিস তুলবেন না।
- ১১) ট্যান্ডিতে মেয়েদের কে শেষে তুলবেন ও আগে নামাবেন।
- ১২) বেশি টাকা ও মূল্যবান জিনিস হারাম শরীফে নিয়ে যাবেন না।
- ১৩) গুজব ছড়াবেন না ও গুজবে কান দেবেন না।
- ১৪) আপনার ফেরার দুদিন আগে আপনার ল্যাগেজ বেঁধে তৈরী রাখুন।
- ১৫) মালপত্র এয়ার লাইনস কে দেওয়ার পর ব্যাগে ট্যাগ লাগিয়ে রিসিভ সংগ্রহ করুন।
- ১৬) জম জম নিজের ল্যাগেজ হ্যান্ড ব্যাগে নেবেন না। কোলকাতা এয়ারপোর্ট থেকে ৫ লিটার জম জম পানি পাবেন।
- ১৭) হজ খুব সহজ কিন্তু শেখা খুব জরুরী।

## মদিনা সম্পর্কে

মদিনাতে মূলতঃ চারটি কাজ :-

- ১) সমস্ত কাজে সুন্নাতের পাবন্দি হওয়া।
- ২) হুজুর (সাঃ) এর প্রতি দরুদ পাঠ করা।
- ৩) আট দিনে চল্লিশ ওয়াকত নামাজ তাকবীরে উলার সহিত আদায় করা।
- ৪) নবী (সাঃ) এর রওজায় সালাম পেশ করা।

“যে আমার কবর যিয়ারত করল তার জন্য আমার সাফায়াত ওয়াজিব হয়ে গেলা” (সূত্র : দারা কুতনী)





## ওমরাহ

১। ওমরাহ এর দুইটি ফরজ :-

ক) এহরাম পরে নিয়ত করা। খ) তাওয়াফ করা।

২। দুইটি ওয়াজিব :-

ক) সাফা-মারওয়া সায়ী করা। খ) মাথা মুণ্ডন করা।  
(মহিলাদের চুলের জট থেকে এক ইঞ্চি পরিমাণ কাটা)।

## হজ

১) হজের ৯টি কাজ

২) ৩টি ফরজ :-

ক) এহরাম পরে নিয়ত করা। খ) ৯য় জিলহজ আরাফায় অবস্থান করা।  
গ) তাওয়াফ জিয়ারাহ করা।

৩) ৬টি ওয়াজিব :-

ক) মুজদালিফায় অবস্থান করা। খ) কাঁকর নিক্ষেপ করা।  
গ) কুরবানী করা। ঘ) মাথা মুণ্ডন করা (মহিলাদের চুলের জট থেকে  
এক ইঞ্চি পরিমাণ কাটা)। ঙ) সায়ী করা। চ) তাওয়াফ বিদা করা।

## এহরামের বিধি নিষেধ

- ১) কোন প্রকার সুগন্ধি ব্যবহার করা যাবে না।
- ২) কোন গাছের ডাল বা পাতা ভাঙ্গা যাবে না।
- ৩) শিকার করা বা নির্দেশ দেওয়া যাবে না।
- ৪) স্ত্রী সঙ্গম ও ঐ সম্পর্কীয় ক্রিয়াকলাপ করা যাবে না।
- ৫) কোন সেলাই করা পোশাক পরা যাবে না (পুরুষের জন্য)।
- ৬) মাথা, মুখ ও পা ঢাকা যাবেনা (পুরুষের জন্য)।

## হজের পাঁচ দিনের প্রয়োজনীয় মালপত্র

১. ছোট একটি কাঁধ ব্যাগে এহরামের কাপড়।
২. দু-সেট স্বাভাবিক পোশাক।
৩. পলিথিন পেপার।
৪. পানির বোতল ও কিছু শুকনো খাবার রাখা।
৫. কাপড় ও অন্যান্য মাল রাখার জন্য একটি হাত ব্যাগ।
৬. গন্ধহীন সাবান, মিশওয়াক ও প্রয়োজন অনুসারে সৌদি রিয়াল সঙ্গে রাখুন।

## কুরবানীর তথ্য

১. যদি আপনি সরকারিভাবে কুরবানির টাকা জমা দিয়ে থাকেন, তাহলে মিনায় যাওয়ার আগে রসিদ সংগ্রহ করুন (মোয়াল্লেমের কাছ থেকে)।
২. কুরবানি যদি নিজে করেন, তাহলে ১০ই জিলহজ্ব তারিখে হালাকায় গিয়ে করবেন।
৩. আর যদি ওখানে টাকা জমা দেন, তাহলে ব্যাংক-আর-রাজি বা পোষ্ট অফিসে জমা করে রসিদ সংগ্রহ করুন।

**বিঃ দ্রঃ** - কুরবানীর জন্য টাকা জমা দেওয়ার পূর্বে আপনাকে নিশ্চিত হতে হবে এই মর্মে যে হজ কমিটির আবেদন পত্রে কুরবানীর জন্য হ্যাঁ অথবা না টিক দিয়েছেন কি না।



## জিম সিম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য

- ১, সিম কার্ড এখানে দেওয়া হবে, কিন্তু এখানে প্যাকেট খুলবেন না, সৌদি আরবে গিয়ে লাগাবেন।
- ২, মোবাইলি কোম্পানি ছাড়া অন্য কোন কোম্পানিকে আঙুলের ছাপ দেবেন না।
- ৩, হজ কমিটি প্রদত্ত সিমকার্ড পরিবর্তন করবেন না।
- ৪, সিম চালুর জন্য পাশপোর্ট এবং ভিসার জেরক্স লাগবে।
- ৫, লটারি বা অফারের জন্য কোনো এস এম এস এলে প্রতি-উত্তর করবেন না।
- ৬, মহিলারা সব আঙুলে মেহেন্দি করবেন না, তাহলে সিম চালু করা যাবে না।

বিঃ দ্রঃ -

- ১) আপনি যে কোম্পানীর সিম ব্যবহার করছেন সেই সিম আপনি সৌদি আরব তে ও ব্যবহার করতে পারেন তার জন্য ওই কোম্পানীর (Airtel, Vodafone, JIO) সাথে কথা বলে ISD প্যাকেজ ভরতে পারবেন ও ব্যবহার করতে পারবেন।
- ২) মদিনা এয়ারপোর্টে Wi-Fi Connection করে WhatsApp বা IMO থেকে Video Call করতে পারেন।



## যে সামানগুলো নিয়ে যাবেন

বিঃদ্রঃ :- (NCNTZ) ক্যাটাগরির জন্য রান্নার সামগ্রী নিতে হবে না।

১. এহরামের কাপড় - ২ জোড়া ৫০ ইঞ্চি বহর আড়াই মিটার করে।
২. হাওয়াই চটি - ২ জোড়া।
৩. সাধারণ জুতা বা চটি জুতা - ১ জোড়া। (প্রয়োজন মত)
৪. পাতলা বেডসিট - ২টি।
৫. নামাজ পাঠা - ১টি (হালকা ধরনের)।
৬. লুঙ্গী - ৩টি, পায়জামা - ২টি।
৭. গামছা ১টি (বড় সাইজ)।
৮. পাঞ্জাবী - ৪টি।
৯. টুপি - ২টি।
১০. গেঞ্জী হাতাওয়ালা - ৩টি।
১১. হাতের রুমাল - ২টি।
১২. সেফটি রেজার হ্যান্ডেল - ১টি।
১৩. ব্রেড - ১ প্যাকেট।
১৪. স্টিলের বাসন (হালকা ধরনের) - ১টি।
১৫. পেয়লা - ১টি, ছোট কাঁচি ১ -টি, ছোট ছুরি - ১টি।
১৬. সূঁচ ও সুতো কিছু।
১৭. ইউনিভার্সাল মাল্টি পিন ১টি।
১৮. দুই মিটার সূতি কাপড় (মোছার জন্য)।
১৯. কাপড়ের থলে - ২টি।
২০. গুড়ো সাবান - ৫০০ গ্রাম।
২১. গায়ে মাখার সাবান - ২টি।
২২. আতর ও সুরমা (অল্প)।
২৩. ফোল্ড বটি ১টি (গুপে)।
২৪. জুতা রাখার কাপড়ের থলে - ২টি।
২৫. এই হজ গাইড - ১টি।
২৬. কোমরের বেল্ট - ১টি।
২৭. চশমা যারা ব্যবহার করেন- অবশ্যই ২টি (দড়ি সহ)।

২৮. ছোট ব্যাগ - ১টি (পাসপোর্ট ডকুমেন্টস এর জন্য)।
২৯. টাকা পয়সা রাখার থলে (কাপড়ের) ৯/৬ (ইঞ্চি) - ২টি।
৩০. পাথর রাখার থলে (কাপড়ের) ৬/৪ (ইঞ্চি) - ২টি।
৩১. কাপড় শোখানোর ক্লিপ - ২ ডজন, দড়ি কিছু পরিমাণ।
৩২. সেফটি পিন কিছু।
৩৩. নোটবুক ও কলম প্রত্যেকের - ১টি।
৩৪. গ্রুপের জন্য ২ টি পাতলা হাক্স রেকবসিন ৬/৬ ফুট।
৩৫. গ্রুপের জন্য হাঁড়ি /ডেচকি ৪ জনের মত।
৩৬. বড় চামচ - ২টি।
৩৭. বোরোলিন, অম্লতানজন, টুথপেস্ট, টুথব্রাশ, মেসওয়ারক, টিসু পেপার কিছুটা।
৩৮. তায়াম্মুম এর মাটি।
৩৯. প্রয়োজনীয় ঔষধ ডাক্তারি প্রেসক্রিপশন ও বিল সহ।
৪০. ৭দানা তসবি - ১টি

### মহিলা হজ্জযাত্রীদের জন্য

৪১. চাদর / ওড়না বড় সাইজ - ২টি।
৪২. সালোয়ার কামীজ - ৪টি।
৪৩. বোরখা - ২টি।
৪৪. মাথার এহরাম (টুপি বা রুমাল)।
৪৫. পায়ের মোজা।
৪৬. শরীর খারাপের প্রয়োজনীয় জিনিস।

## হজের ৬দিন কোনদিন কি কি করণীয়

হজের প্রথম দিন ৮ই জিলহজ	হজের দ্বিতীয় দিন ৯ই জিলহজ	হজের তৃতীয় দিন ১০ই জিলহজ
মক্কা থেকে মিনাগমন	ফজরের নামাজ মিনাতে পড়ে আরাফাতে রাওনা	মোজদালিফাতে ফজরের নামাজের পর মিনা অভিমুখে রওনা
↓	↓	↓
মিনাতে আজকের দিন	আরাফাতে জোহরের নামাজপড়া	প্রথমে বড় শয়তানকে কাঁকর মারা
↓	↓	↓
জোহর	আরাফাতে অবস্থান	কোরবানী করা
↓	↓	↓
আসর	আসরের নামাজ আরাফাতে পড়া	মাথার চুল মুন্ডন করা
↓	↓	↓
মগরিব	মগরেবের নামাজ যথা সময়ে আরাফাতে না পড়ে মোজদালিফা রওনা হওয়া	এহরাম পরিত্যাগ করা
↓	↓	↓
এশার নামাজপড়া	মগরিব ও এশার নামাজ মোজদালিফাতে একসঙ্গে পড়া ও কাঁকর সংগ্রহ করা	তওয়াফে যিয়ারতের ও সায়ি জন্য মক্কায় যাওয়া
↓	↓	↓
রাত্রিতে মিনাতে অবস্থান করা	রাতে মোজদালিফাতে অবস্থান	রাতে মিনায় অবস্থান

## হজের ৬দিন কোনদিন কি কি করণীয়

হজের চতুর্থ দিন ১১ই জিলহজ	হজের পঞ্চম দিন ১২ই জিলহজ	মিনাতে অবস্থান ১৩ই জিলহজ
<p>মিনাতে কাঁকর মারা জাওয়ালের পর থেকে সুর্যাস্তের আগে পর্যন্ত</p> <p>↓</p> <p>প্রথমে ছোট শয়তানকে</p> <p>↓</p> <p>মাঝারি শয়তানকে</p> <p>↓</p> <p>বড় শয়তানকে</p> <p>↓</p> <p>তওয়াফে যিয়ারত ও সায়ি যদি গত কাল না করা হয়ে থাকে তাহলে আজকে করে নিন</p> <p>↓</p> <p>রাতে মিনাতে অবস্থান</p>	<p>মিনাতে কাঁকর মারা জাওয়ালের পর থেকে সুর্যাস্ত পর্যন্ত</p> <p>↓</p> <p>প্রথম ছোট শয়তানকে</p> <p>↓</p> <p>মেজ শয়তানকে</p> <p>↓</p> <p>বড় শয়তানকে</p> <p>↓</p> <p>তওয়াফে যিয়ারত ও সায়ি যদি গত কাল না হয়ে থাকে তাহলে আজকে করে নিন</p> <p>↓</p> <p>সুর্যাস্তের পূর্বে মিনা হতে মক্কাগামী রওনা</p>	<p>বিঃদ্র - ১২ তারিখে সঠিক সময়ে রওনা না হতে পারলে ১৩ তারিখে জাওয়ালের পর তিন শয়তানকে কাঁকর মেরে মোট ২১টি কাঁকর মেরে মক্কা রওনা হওয়া। হজের কাজ সমাপ্ত হল। বাকি দিন গুলিতে সাধারণ ভাবে ইবাদত করা। মক্কা ছাড়ার পূর্বে তওয়াফে বিদা করা।</p> <p><b>হজ দ্বোবারক</b></p>

## জমজম খাওয়াত দোয়া

আল্লাহুমা ইন্নী আপ্সআলুকা ঈলমান  
নাফেয়াও অ-রেযকও অ-য়াস্নেঅও  
অ-শেফাআম্ মিন কুল্লী দাই

অর্থ - হে আল্লাহ, আমাকে এমন জ্ঞান দান কর যা  
কল্যাণকর হয়, এবং এমন কাজ করার তৌফিক দাও  
যা তুমি গ্রহণ কর এবং আমার যে কোনো অসুস্থতা  
থেকে সুস্থতা দান কর।



